

## PRESS CLIP

---

**Publication:-** Newsstardom.in

(<http://newsstardom.in/%e0%a6%95%e0%a6%b0%e0%a7%8b%e0%a6%a8%e0%a6%be-%e0%a6%ae%e0%a7%8b%e0%a6%95%e0%a6%be%e0%a6%ac%e0%a6%bf%e0%a6%b2%e0%a6%be%e0%a7%9f-%e0%a6%a6%e0%a7%8d%e0%a6%af-%e0%a6%ac%e0%a7%87%e0%a6%99%e0%a7%8d/>)

**Date:** - 23<sup>rd</sup> April 2020

**Page :-**Online

**The Bengal Chamber adopted Gariahat ,Jodhpur Park & Bansdroni Markets in the sanitizing drive of Government of West Bengal against COVID-19**

করোনা মোকাবিলায় দ্য বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি দক্ষিণ কোলকাতার বাঁশদ্রোণী বাজারে ৭০টি দোকানের জন্য থার্মাল গান, হ্যান্ড স্যানিটাইজার, বিইউজেবল মাস্ক এবং গ্লাভস প্রদান করলো.....

News Stardom | [April 23, 2020](#) |



নিউজ স্টারডম: কলকাতা, ২৩ এপ্রিল ২০২০ রাজ্যের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রীমতি মমতা বন্দ্যোপাধ্যায় এর নির্দেশ অনুসারে দ্য বেঙ্গল চেম্বার অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি দক্ষিণ কোলকাতার দুটি বাজার, গড়িয়াহাট এবং যোধপুর পার্ক বাজার-এর স্যানিটাইজ করবার দায়িত্ব সূষ্ঠ ভাবে পালন করার পর, তারা বাঁশদ্রোণী বাজার স্যানিটাইজ করবার দায়িত্ব পেয়েছিল। চেম্বারের তরফ থেকে জানানো হয়েছে, তারা বাজারের সংশ্লিষ্ট নেতাজী নগর থানার সাথে তাদের প্রয়োজনীয় জিনিসপত্র বাঁশদ্রোণী বাজারের বিক্রেতাদের প্রদান করা হয়। গত পয়লা বৈশাখের শুভ তিথিতে এই স্যানিটাইজেশনের-এর কাজ হয় যোধপুর পার্ক বাজার ও গড়িয়াহাট বাজারে। আজ সকালে বাঁশদ্রোণী বাজারে ৭০টি দোকানের জন্য থার্মাল গান, হ্যান্ড স্যানিটাইজার, রিইউজেবল মাস্ক এবং গ্লাভস প্রদান করা হল।



বিতরণকারী কতৃপক্ষের তরফে উপস্থিত ছিলেন-

শ্রী দেব এ মুখার্জি, প্রেসিডেন্ট ডেজিগনেট, দ্য বেঙ্গল চেম্বার।

শ্রী শুভদীপ ঘোষ, ডিরেক্টর জেনারেল, দ্য বেঙ্গল চেম্বার।

শ্রী স্মরজিত পুরকায়স্থ, ডেপুটি ডিরেক্টর জেনারেল, দ্য বেঙ্গল চেম্বার।

সমন্বয়কারী কতৃপক্ষের তরফে উপস্থিত ছিলেন-

শ্রী তপন দাশগুপ্ত, কাউন্সিলর, (৯৫ নং ওয়ার্ড) এবং বোরো চেয়ারম্যান।

শ্রী সুভাষ অধিকারী, ওসি, নেতাজী নগর থানা। শ্রী দেব এ মুখার্জি, প্রেসিডেন্ট ডেজিগনেট, দ্য বেঙ্গল চেম্বার জানান, “আমরা একটি দায়িত্বশীল চেম্বার অফ কমার্স হিসাবে, সামাজিক কর্তব্য গুলিকে আমাদের চেম্বারের ক্রিয়াকলাপের একটি অবিচ্ছেদ্য অঙ্গ হিসাবে বিবেচনা করি। রাজ্য সরকারের সাথে এই মহামারী মোকাবিলার কাজে সহায়তা করতে আমরা কিছুটা চেষ্টা করছি। বাজারগুলি গ্রহণ করে তাদের নিরবচ্ছিন্ন পরিষেবা পরিচালনায় সহায়তা করা চেম্বার হিসাবে আমাদের একটি দায়িত্ব।”



শ্রী শুভদীপ ঘোষ, ডিরেক্টর জেনারেল, দ্য বেঙ্গল চেম্বার বলেন, “আমরা বাজার কমিটিগুলিতে যোগাযোগ করে আমাদের দিক থেকে সর্বতো ভাবে সাহায্য করছি এবং যখনই প্রয়োজন হবে তাদের প্রয়োজনীয় সামগ্রী আমরা সরবরাহ করবো।” তিনি উল্লেখ করেন, “চেম্বারের তরফ থেকে পুলিশ কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে প্রয়োজন অনুযায়ী বাজার গুলিতে হ্যান্ড স্যানিটাইজার এবং মাস্ক, গ্লাভস, থার্মাল গান সরবরাহ করা হয়েছে।”